# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ সালামের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

শিশুদের সালাম দেয়া

শিশু হলেও তাকে সালাম দেওয়া সুন্নাত এবং তা বিনয়ীর একটি নিদর্শন। আমাদের মহানবী (ﷺ) পথে চলাকালে ছোট শিশুদেরকে সালাম দিতেন।[1]

প্রকাশ থাকে যে, শিশু যদি সালামের উত্তর না দেয়, তাহলে সে গোনাহগার হবে না। কারণ, সে শরীয়তের ভারপ্রাপ্ত নয়। অবশ্য শিশু বড়কে সালাম দিলে উত্তর দেওয়া জরুরী।[2]

## ফুটনোট

[1]. বুখারী তাওহীদ পাবঃ হা/৬২৪৭, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২১৬৮

[2]. ফাতহুল বারী ১১/৩৫

Source — https://www.hadithbd.com/books/link/?id=7980

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন